# Daykof

Diphenhydramine HCL,
Guaifenesin and Levomenthol

## COMPOSITION

**DAYKOF Syrup:** Each 5 mL syrup contains Diphenhydramine Hydrochloride USP 14 mg, Guaifenesin USP 100 mg and Levomenthol BP 1.1 mg.

## Pharmacology

DAYKOF preparation is a mixture of expectorant, decongestant and antihistamine. The liquid contains Diphenhydramine which is an antihistamine that helps relieve coughing, dry secretions in the nose and chest. Guaifenesin which is an expectorant. It helps loosen mucus (phlegm) from the lungs and make it easier to cough up. Levomenthol which helps to breathe more easily by relieving congestion.

## Indication

DAYKOF is indicated for the symptomatic relief of upper respiratory tract disorders accompanied by productive cough.

## Dosage and administration

*Adults & Children over 12 years:* 2 teaspoonful (10 mL) 4 times a day every 4 hours interval.

## Contraindication

This combination is contraindicated in patients with a known hypersensitivity to Guaifenesin, Levomenthol or Diphenhydramine. If Monoamine Oxidase Inhibitors (MAOIs) have been taken in the last two weeks this combination should not be taken.

## Warnings and precautions

Patients suffering from liver, kidney & prostate problems should avoid this combination. Alcohol must be avoided. Patients taking this combination need to be careful while driving or operating machinery.

## Side Effect

Side effects may include swelling of the face, lips and/or tongue, allergic reactions, numbness, drowsiness, dizziness, blurred vision, dry mouth/nose/throat, nausea or vomiting etc.

## Use in pregnancy and lactation

There are no specific data on use of this combination during pregnancy & lactation.

## Use in children and adolescents

A physician's advice should be obtained before administering this combination to children less than 12 years.

## Drug interactions

Taking certain MAO inhibitors with this medication may cause a serious (possibly fatal) drug interaction. If any other medicines like minor Tranquilizers, Barbiturates and Codeine are taken, caution should be exercised.

## Overdosage

In cases of over dosage, hospital admission is strongly advised. An overdose of this preparation may result in drowsiness, blurred vision, increased heart rate, confusion.Other symptoms may include dry mouth, nausea, vomiting, unsteadiness, high blood pressure and hallucinations

## Storage

Store in a cool and dry place (below 30°C temperature), away from light. Keep out of the reach of children.

## Packing

**DAYKOF Syrup:** Each commercial box contains a PET bottle containing 100 mL syrup & a measuring cup.


Manufactured By
**BEACON®**
Pharmaceuticals PLC
Bhaluka, Mymensingh, Bangladesh

LF25101


# ডেকফ

ডাইফেনহাইড্রামিন হাইড্রোক্লোরাইড
গুয়াইফেনেসিন এবং লিভোমেন্থল

## উপাদান

**ডেকফ সিরাপ:** প্রতি ৫ মিলি সিরাপে আছে ডাইফেনহাইড্রামিন হাইড্রোক্লোরাইড ইউএসপি ১৪ মিগ্রা, গুয়াইফেনেসিন ইউএসপি ১০০ মিগ্রা এবং লিভোমেন্থল বিপি ১.১ মিগ্রা।

## ফার্মাকোলোজী

ডেকফ হচ্ছে এক্সপেক্টোরেন্ট, ডিকনজেষ্ট্যান্ট, এন্টিহিস্টামিন এর মিশ্রন। ডাইফেনহাইড্রামিন হচ্ছে একটি এন্টিহিস্টামিন যা কফ দূর করে, নাক দিয়ে পানি পড়া এবং বুকের কফ শুকিয়ে ফেলে। গুয়াইফেনেসিন হচ্ছে একটি এক্সপেক্টোরেন্ট। ইহা শ্বাসতন্ত্রের শ্লেষ্মাকে নরম করে ফেলে এবং সহজে কফ বের করে আনতে সহায়তা করে। লিভোমেন্থল শ্বাস-প্রশ্বাস নিতে সহায়তা কওে এবং আনুনাসিক জমাট বাঁধা দূর করে।

## নির্দেশনা

ডেকফ শ্বাসনালীর উপরের অংশের অসুবিধা দূর করে, শ্লেষ্মাযুক্ত কাশি দূর করে এবং আনুনাসিক জমাট বাঁধা দূর করে।

## মাত্রা এবং সেবনবিধি:

প্রাপ্ত বয়স্ক এবং ১২ বছরের বেশি বাচ্চাদের জন্য : ২ চা চামচ (১০ মিলি) দিনে ৪ বার ৪ ঘন্টা পরপর।

## প্রতিনির্দেশনা

যাদের সক্রিয় উপাদানের সাথে সংবেদনশীলতা আছে তাদেরকে এই মিশ্রন দেওয়া যাবে না। যেসব রোগী মনোঅ্যামাইনো অক্সিডেজ ইনহিবিটর জাতীয় ওষুধ গ্রহণ করে অথবা ২ সপ্তাহ যাবত এই জাতীয় ওষুধ বন্ধ করেছে তাদের ক্ষেত্রে এই ওষুধ প্রতিনির্দেশক।

## সতর্কতা এবং পূর্ব সতর্কতা

যেসব রোগীদের লিভার, কিডনী এবং প্রোস্টেট এ সমস্যা আছে তাদের ক্ষেত্রে এই মিশ্রন পরিহার করতে হবে। মদ্যপান পরিহার করতে হবে। এই মিশ্রন সেবন করা রোগীদের গাড়ি অথবা মেশিনারিজ যন্ত্রাংশ পরিচালনার সময় সতর্কতা অবলম্বন করতে হবে।

## পার্শ্বপ্রতিক্রিয়া

মুখ, ঠোঁট অথবা জিহ্বা ফুলে যাওয়া, এলার্জিক প্রতিক্রিয়া, অসাড় হওয়া, ঘুম ঘুম ভাব, চোখে ঝাপসা দেখা, মুখ/নাক/গলা শুকিয়ে যাওয়া, বমি বমি ভাব অথবা বমি হওয়া ইত্যাদি।

## গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালীন সময়

এই মিশ্রনের গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালীন সময়ে ব্যবহারের কোন সঠিক ডাটা নেই।

## শিশু ও বয়ঃসন্ধিকালের ব্যবহার

১২ বছরের নিচের বাচ্চাদের সেবনের পূর্বে ডাক্তারের পরামর্শ অবশ্যই জরুরী।

## ওষুধের আন্তঃক্রিয়া

এই ওষুধের সাথে নির্দিষ্ট এমএও ইনহিবিটরগুলি গ্রহণ করলে গুরুতর (সম্ভবত মারাত্মক) ওষুধের মিথস্ক্রিয়া হতে পারে। এই ওষুধের সাথে চিকিৎসার সময় ট্রাঙ্কুলাইজার, বারবিচুরেটস্ এবং কোডেইন জাতীয় ওষুধ গুলো সতর্কতার সাথে গ্রহন করতে হবে।

## অতিমাত্রায়

অতিমাত্রায় ওষুধ সেবন করলে হাসপাতালে ভর্তি করতে হবে। অতিমাত্রায় ওষুধ সেবন করলে ঘুম ঘুম ভাব, চোখে ঝাপসা দেখা , হৃদস্পন্দন বেড়ে যাওয়া, বিভ্রান্তি হতে পারে। অন্যান্য সমস্যাগুলি যেমন- মুখ শুকিয়ে যাওয়া, বমি বমি ভাব, বমি হওয়া, উচ্চ রক্তচাপ এবং হ্যালুসিনেশন হতে পারে।

## সংরক্ষণ

আলো থেকে দূরে, ঠান্ডা ও শুকনো স্থানে রাখুন (৩০° সেলসিয়াস তাপমাত্রার নিচে রাখুন)। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

## মোড়ক সামগ্রী

**ডেকফ সিরাপ:** প্রতিটি বাণিজ্যিক মোড়কে আছে ১০০ মিলি সিরাপের একটি পেট বোতল এবং একটি পরিমাপক কাপ।


প্রস্তুতকারক
**বীকন ফার্মাসিউটিক্যালস্ পিএলসি**
ভালুকা, ময়মনসিংহ, বাংলাদেশ